

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৭০৭(আগরতলা, ১২।০২)

আমবাসা, ১২ ফেব্রুয়ারী, ২০১৮

আমবাসায় ভোট গ্রহণ কর্মীদের মহড়া অনুষ্ঠিত

কুলাই টাউন হলে আজ ৪৭-আমবাসা (এস টি) বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের ভোট গ্রহণ কর্মীদের মহড়া অনুষ্ঠিত হয়। মহড়ায় সংশ্লিষ্ট বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের রিটার্নিং অফিসার তথা আমবাসা মহকুমা শাসক জে ভি দোয়াতি, এসিস্টেন্ট রিটার্নিং অফিসার তথা আমবাসা ব্লকের বি ডি ও চন্দ্রকৃষ্ণ মলসুম এবং গঙ্গানগর ব্লকের বি ডি ও রাজীব দেববর্মা ভোট গ্রহণ পদ্ধতি নিয়ে আলোচনা করেন ও প্রশিক্ষণ দেন। এতে ৪৫০ জন ভোট গ্রহণ কর্মী অংশ নেন। ৪৭-আমবাসা (এস টি) বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের রিটার্নিং অফিসার এই সংবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*